[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

মুজিবনগরের জয়পুর গ্রামে উন্নয়ন মূলুক কর্মী সভা অনুষ্ঠিত

মুজিবনগরের বাগোয়ান ইউনিয়নের জয়পুর গ্রামে ৪নং ওয়ার্ড আওয়ামী লীগের সাধারন সম্পাদক ও সাম্ভব্য ইউপি সদস্য প্রার্থী আব্দুস সামাদ তার নির্বাচনী এলাকায় জনপ্রশাসন প্রতি মন্ত্রীর ফরহাদ হোসেনের বিভিন্ন উন্নয়নের দিক তুলে ধরে আলোচনা সভা করেছে।

শনিবার সন্ধ্যা রাতে জয়পুর গ্রামের উত্তর পাড়া ক্লাব চত্তরে উন্নয়নমুলক এ নির্বাচনী কর্মী সভা অনুষ্ঠিত হয়। ইউনিয়ন আওয়ামীলীগের সহ-সভাপতি সভাপতি নজরুল ইসলামের সভাপতিত্বে সভায় স্বাগত বক্তব্য রাখেন ৪নং ওয়ার্ড আওয়ামী লীগের সাধারন সম্পাদক ও ওয়ার্ড ইউপি সদস্য প্রার্থী আব্দুস সামাদ।

ওই সময় উপস্থিত ছিলেন ও বক্তব্য রাখেন উপজেলা বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষনা পরিষদের সাধারন সম্পাদক মোবারক হোসেন, আওয়ামীলীগের প্রবীন ব্যাক্তি আব্দুল কুদ্দুস, জামাত আলী, দীন মোহাম্মদ, জয়নাল আবেদীন, জাকের আলী, ও মাখন প্রমুখ।

অনুষ্ঠান সঞ্চলনায় ছিলেন ফয়সাল ইকবাল মিলন।

জীবননগরে গৃহবধুকে কুপিয়ে রক্তাক্ত জখম! থানায় অভিযোগ দায়ের

জীবননগর উপজেলার রায়পুর ইউনিয়নের কৃষ্টপুর স্কুলপাড়ায় ছাগলে মাঠের ক্ষেত খাওয়াকে কেন্দ্র করে দেশিও হেসো দিয়ে ছাগলের একটি পা কেটে দিয়েছে প্রতিপক্ষ।

এঘটনায় প্রতিবাদ করায় ছাগলে মালিকের স্ত্রীকে মাথায় কোপ মেরে রক্তাক্ত জখম করার অভিযোগ উঠেছে একই পাড়ার রকির বিরুদ্ধে। এবিষয়ে বিচারের আশায় জীবননগর থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করেছেন ভুক্তভুগী পরিবার।

অভিযোগ সুত্রে জানা গেছে জীবননগর উপজেলার রায়পুর ইউনিয়নের কৃষ্টপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় পাড়ার আবুল কাশেম মন্ডলের ছেলে দিন মজুরি আলম হোসেন (৪০) বলেন, গত গত শুক্রবার বিকালে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পেছোনে অভিযুক্ত আব্দুলের জমির ক্ষেতে আমার ছাগল দেখত পায় তার ছেলে রকি (২৪)।

রকি কিছু সময় পর বাড়ী থেকে একটি দেশিও অস্ত্র হেসো দিয়ে আমার গর্ভবর্তী ধাড়ী ছাগলকে তাবড়ীয়ে ধরে হেসো দিয়ে এক কোপ দিয়ে ছাগলে একটি পা কেটে ফেলে।

এবিষয়ে খবর পেয়ে আমার স্ত্রী মাহফুজা খাতুন (৩৫) ছাগলের পায়ের কোপ মারার প্রতিবাদ করলে এসময় রকি ক্ষিপ্ত হয়ে হাতে থাকা হেসো দিয়ে মাহফুজা খাতুনের মাথায় কোপ মারেন। তাহার মাথায় সাতটি সেলায় দেয়া হয়েছে।

এসময় রক্তাক্ত ছাগলটি ও মাহফুজা খাতুনকে স্থানীয়ারা উদ্ধার করে জীবননগন হাসপাতালে ভর্তি করেন। স্থানীও ভাবে মিমাংস করা কথা হলোও এখনো পযর্ন্ত কোনো সুরাহ না হওয়ায় জীবননগর থানায় একটি অভিযোগ দায়ের করেছি।

জীবননগর হাসপাতাল ব্যবস্থাপনা কমিটির আলোচনা সভায় এমপি টগর।

জীবননগর হাসপাতাল ব্যবস্থাপনা কমিটির আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।গতকাল শনিবার সকাল সাড়ে ১০টার সময় জীবননগর উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্ ্েরর আয়োজনে স্বাস্থ্যকমপ্লেক্্ে রর অডিটোরিয়ামে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়। জীবননগর হাসপাতাল ব্যবস্থাপনা কমিটির সভাপতি ও চুয়াডাঙ্গা -২ আসনের সংসদ সদস্য

হাজী আলী আজগার টগরের সভাপতিত্বে ,জীবননগর উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্সের চিকিৎসাসেবার মান আরো উন্নতি করার লক্ষে সার্বিক বিষয়ে আলোচনা করা হয়।এ সময় মাননীয় সংসদ সদস্য বলেন,চিকিৎসা নিতে আসা সকলের সাথে ভালো আচারণ করতে হবে কেউ যেন চিকিৎসাসেবা থেকে বঞ্চিত না হয় সে দিকে চিকিৎসকদের খেয়াল রাখতে হবে।করোনা কমলেও এখনও শেষ হয়নি সে জন্য সকলকে সচেতন হতে হবে এবং মাস্ক ব্যবহার করতে হবে।করোনার পাশাপাশি এখন ডেঙ্গু রোগী দিচ্ছে সে বিষয়ে আমাদের সকলকে সচেতন হতে হবে।যাতে সবাই মশারী ব্যবহার করে এবং যেখানে সেখানে ময়লা আর্বজনা না ফেলে সে বিষয়ে সকলকে সচেতন করতে হবে।উক্ত আলোচনা সভায় উপস্থিত ছিলেন ,জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান ,উপজেলা নির্বাহী অফিসার মোঃ আরিফুল ইসলাম,জীবননগর পৌর মেয়র রফিকুল ইসলাম,জীবননগর থানা আওয়ামলীগের সভাপতি গোলাম মোর্তুজা ,সাধারন সম্পাদক নজরুল ইসলাম,জীবননগর উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্সেরর পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ সেলিনা আক্তার ,আবাসিক মেডিকেল অফিসার ডাঃ মাহমুদ বিন হেদায়েত সেতু ,জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) আঃখালেক,জীবননগর উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান আবু মোঃ আঃ লতিফ অমল,পৌর আওয়ামলীগের সভাপতি নাসির উদ্দিন ,সাধারন সম্পাদক জাহাঙ্গীর আলম,মনোহরপুর ইউনিয়ন আওয়ামলীগের সাধারন সম্পাদক আহসান হাবিব বকুল সহ উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্সেরর বিভিন্ন কর্মকর্তা কর্মচারী ও স্থানীয় জনপ্রতিধি ,সাংবাদিক ও সুধীব্যাক্তি উপস্থিতছিলেন।উক্ত অনুষ্ঠান সার্বিক পরিচালনা করেন ডাঃ হেলেনা আক্তার নিপা।

ঝিনাইদহে জমি নিয়ে বিরোধের জেরে প্রতিপক্ষের হামলায় আহত -২

ঝিনাইদহ সদর উপজেলার পোড়াহাটি ইউনিয়নের ধানহাড়িয়া গ্রামে জমি নিয়ে বিরোধের জের ধরে প্রতিপক্ষের বাড়িতে হামলা চালিয়ে ভাংচুর করা হয়েছে। এতে আহত হয়েছে ২ জন। শুক্রবার রাতে এ ঘটনা ঘটে। স্থানীয়রা জানায় , দীর্ঘদিন ধরে ধানহাড়িয়া গ্রামের মতলেব খাঁর সাথে একই এলাকার মহিউদ্দিন খাঁ মহিম এর জমি নিয়ে বিরোধ চলে

আসছিল। এ নিয়ে ঝিনাইদহ আদালতে একটি মামলা চলমান রয়েছে। শুক্রবার সকালে মতলেব খাঁ’র ছেলে দেলোয়ার হোসেন দুলু ওই জমিতে গেলে মহিউদ্দিন খাঁ মহিম, তার সহযোগি রোকন, তুহিনসহ আরও কয়েকজনকে সাথে নিয়ে দুলুকে বেধড়ক পিটিয়ে গুরুতর আহত করে। সেখান থেকে তাকে উদ্ধার ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করে। এ ঘটনায় দুলুর পরিবারের পক্ষ থেকে থানায় অভিযোগ দেওয়া হয়েছে। এরই জের ধরে শুক্রবার রাত ৮ টার পর মহিমের নেতৃত্বে ৩০/৩৫ জনের একটি দল দুলুর বাড়িঘরে ইটপাটকেল ছুড়তে থাকে। এসময় ভাংচুর করা হয় আবু বক্কর খাঁ, মুরাদ আলী খাঁ ও বাদশা খাঁ’র বাড়িঘর। আহত হয় সজীব নামের আরও একজন। খবর পেয়ে ঝিনাইদহ সদর থানা পুলিশ ঘটনাস্থলে পৌঁছালে মহিমের সাঙ্গপাঙ্গরা পালিয়ে যায়।
এ ব্যাপারে মহিমের ভাই খায়রুল ইসলাম বলেন, গতকাল সকালে একটি ঘটনা ঘটেছিল। সেই ঘটনার পর সন্ধ্যায় ওরা আমাদের বাড়ির সামনে এসে গালি-গালাজ করে ও ইটপাটকেল ছোড়ে বলে আমরা প্রতিবাদ করেছি।
এ ব্যাপারে ঝিনাইদহ সদর থানার ওসি শেখ মো: সোহেল রানা বলেন, ঘটনার সংবাদ পেয়ে সেখানে পুলিশ পাঠানো হয়েছিল। পরিস্থিতি বর্তমানে স্বাভাবিক রয়েছে। এ ঘটনায় থানায় অভিযোগ দিয়ে তদন্ত করে পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

শৈলকুপায় বিষধর সাপের ছোবলে ৪ বছরের শিশুর মৃত্যু

ঝিনাইদহের শৈলকুপায় সাপের কামড়ে নাজনীন আক্তার (৪) নামের এক কন্যা শিশুর মৃত্যু হয়েছে। শনিবার ভোরে রাতে শৈলকুপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে তার মৃত্যু হয়। নাজনীন আক্তার মাধবপুর গ্রামের নিজাম উদ্দীনের মেয়ে।
শিশুটির দাদা মালেক শেখ জানান, রাতে ঘরে মা বাবার সাথে ঘুমিয়ে ছিল নাজনীন। রাত ১টার দিকে সাপে তার আঙ্গুলে কামড় দেয়। তার চিৎকার শুনে স্বজন ও প্রতিবেশিরা এগিয়ে আসে। স্বজন ও প্রতিবেশিরা প্রথমে তাকে ওঝার কাছে নিয়ে যায়। সাপেড় কামড় বুঝতে পেড়ে ওঝা

তাদের হাসপাতালে নিয়ে যাওয়ার পরামর্শ দেয়। সেখান থেকে তাকে শৈলকুপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসলে কর্তব্যরত চিকিৎসক ভোরে তাকে মৃত ঘোষনা করেন।
শৈলকুপা থানার ওসি জাহাঙ্গীর আলম বলেন, এ ব্যাপারে অপমৃত্যু মামলা হয়েছে।

আমঝুপিতে সড়ক দুর্ঘটনায় আহত রাব্বির মৃত্যু

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি বীজ ফার্মের দ্বিতীয় গেটে সড়ক দুর্ঘটনায় আহত রাব্বি হোসেন (২১) রাজশাহীতে যাওয়ার পথে মারা গেছেন। গতকাল শুক্রবার মধ্য রাতে তিনি মারা যান।
স্থানীয় সূত্রে জানা গেছে, আহত রাব্বি, সাগর, ইমরানসহ ৫/৭ জন তরুণ মোটরসাইকেল রেস করে চুয়াডাঙ্গা থেকে মেহেরপুরের দিকে আসছিলো অপরদিকে মেহেরপুর থেকে ওষুধ কোম্পানীর প্রতিনিধি ইয়াহিয়া চুয়াডাঙ্গা যাচ্ছিলেন। পথিমধ্যে আমঝুপি বীজ ফার্মের ২য় গেট সংলগ্ন এলাকায় প্রথমে দুটি মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষ হয়। পরে আরো একটি মোটরসাইকেল ধাক্কা দেয়। এতে ঘটনাস্থলেই ইয়াহিয়ার মৃত্যু হয়। আহত হয় তরুণ বাইকার রাব্বি , সাগর ও ইমরান। খবর পেয়ে মেহেরপুর ফায়ার সার্ভিস ইউনিটের একটি টিম ও পুলিশের একটি টিম ঘটনাস্থলে পৌছিয়ে নিহত ও আহতদের উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে নেওয়া হলে রাব্বির অবস্থা আশংকা জনক হওয়ায় তাকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়। রাজশাহীতে নেওয়ার পথে মধ্যরাতে তার মৃত্যু হয়।
এদিকে সকালে নিজ গ্রামে তার জানাযা ও দাফন সম্পন্ন হয়েছে।

গাংনীতে গাঁজা ও গাঁজা সেবনের সরঞ্জামসহ ৭ মাদক সেবী গ্রেফতার

মেহেরপুরের গাংনীতে ৭ মাদক সেবীকে গ্রেফতার করেছে পুলিশ। এসময় তাদের কাছ থেকে ৭০ গ্রাম গাঁজা ও গাঁজা সেবনের সরাঞ্জাম উদ্ধার করা হয়।

শুক্রবার দিবাগত মধ্যে রাতে উপজেলার বামুন্দী নিশিপুর এলাকা থেকে তাদের গ্রেফতার করা হয়।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বজলুর রহমান জানান,বামুন্দী নিশিপুর এলাকায় একদল মাদক সেবী মাদক সেবন করছে এমন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে নিশিপুর গ্রামের খোকন আলীর ছেলে আকুল হোসেন (১৮),এই গ্রামের মহিন উদ্দীনের ছেলে বসির আহমেদ (৩৪),মনিরুল ইসলামের ছেলে রনি (২৩),আব্দুল মতিনের ছেলে হাসিবুল ইসলাম শুভ (৩১),নায়েব আলীর ছেলে আব্দুল হালিম (২০),জিল্লুর রহমানের ছেলে কাবিদুল ইসলাম ওরফে কাদুল (৩৩),নবীছুদ্দীনের ছেলে জহুরুল ইসলামকে (৩৪) গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃতদের বিরুদ্ধে মাদক দ্রব্য আইনে মামলা দায়ের পূর্ববক আদালতে সোপর্দ করা হয়েছে।

মেহেরপুর পৌরসভার সাবেক মেম্বর মুকুল আর নেই

মেহেরপুর পৌরসভার সাবেক মেম্বর ও বড়বাজারের বিল্লাল হোসেন মাস্টারের ছেলে নকিব হেলালী মুকুল ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)।

আজ শনিবার সকাল পৌনে ৯টার দিকে মেহেরপুর জেনারেল হাসপাতালে

চিকিৎসাধীন অবস্থায় তিনি শেষ নি:শ্বাস ত্যাগ করেন।

মেহেরপুরে ১ জন করোনা আক্রান্ত

মেহেরপুরে নতুন করে ১ জন করোনা আক্রান্ত হয়েছেন। নতুন আক্রান্তদের মধ্যে সদরে ১ জন।

শুক্রবার রাতে মেহেরপুর সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন এ তথ্য নিশ্চিত করেন।

সূত্রে আরও জানা গেছে, নতুন প্রাপ্ত রিপোর্ট ৩৮ টি। তারমধ্যে ১ জন করোনা পজিটিভ। এনিয়ে বর্তমানে মেহেরপুর জেলায় করোনা পজেটিভ এর সংখ্যা ৩১ জন।

তার মধ্যে সদরে ১৪ জন, গাংনীতে ৬ জন এবং মুজিবনগরে ১১ জন। এ পর্যন্ত মেহেরপুরে মারা গেছেন ১৮০ জন ।

মৃতদের মধ্যে সদরে ৮২ জন, গাংনী ৫৮ জন ও মুজিবনগরে ৪০ জন।